গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয়

এবং

মন্ত্রিপরিষদ সচিব-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৮ - জুন ৩০, ২০১৯

## সূচিপত্র

মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৬

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ........ ১৭

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ........ ২০

## মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Ministry/Division)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

উন্নয়ন কৌশল বাস্তবায়নে বিনিয়োগ চাহিদা পূরনের জন্য ২০১৪-১৫ হতে ২০১৬-১৭ অর্থ-বছরে মোট ৩০.২৭ (গড়ে ১০.০৯) বিলিয়ন মার্কিন ডলারের বৈদেশিক সহায়তার প্রতিশ্রুতি অর্জনে সক্ষম হয়েছে। আলোচ্য মেয়াদে অর্জিত প্রতিশ্রুতি পূর্ববর্তী তিন অর্থ-বছরের (২০১১-১২ হতে ২০১৩-১৪) তুলনায় প্রায় ৮৪% বেশী। অন্যদিকে, ২০১৪-১৫ হতে ২০১৬-১৭ অর্থ-বছরে বৈদেশিক সহায়তা ছাড়ের মোট পরিমাণ ১০.২৮ (গড়ে ৩.৪৩) বিলিয়ন মার্কিন ডলার যা পূর্ববর্তী তিন অর্থ-বছরের (২০১০-১১ হতে ২০১২-১৩) অপেক্ষা ২৮% বেশী। বৈদেশিক ঋণ, ধারণ ক্ষমতার মধ্যে সীমিত রাখার বিচক্ষণ নীতি অব্যাহতভাবে অনুসরণ করার ফলে আন্তর্জাতিকভাবে অনুসৃত debt sustainability-এর সূচক অনুযায়ী বৈদেশিক ঋণমান সন্তোষজনক পর্যায়ে রয়েছে। উন্নয়ন সহযোগীতা বৃদ্ধি ও কার্যকর করার লক্ষ্য মার্চ, ২০১৮ তে বাংলাদেশ উন্নয়ন ফোরাম (বিডিএফ) আয়োজন করা হয়েছে। বৈদেশিক সহায়তা ব্যবস্থাপনায় গুণগত পরিবর্তন আনয়নের লক্ষ্যে 'উন্নয়ন সহায়তা সংক্রান্ত জাতীয় নীতিমালা' এর খসড়া প্রণয়ন করা হয়েছে। এছাড়া প্রকল্প বাস্তবায়ন দ্রুততর করার লক্ষ্যে 'প্রকল্পের প্রস্তুতিমূলক কাজের অর্থ বরাদ্দ ও ব্যবস্থাপনা নীতিমালা' এবং 'প্রকল্পের প্রস্তুতিমূলক কাজের চেকলিষ্ট' প্রণয়ন করা হয়েছে। Aid transparency ও mutual accountability বৃদ্ধির লক্ষ্যে উন্নয়ন সহযোগী কর্তৃক অনলাইনে তথ্য সরবরাহের জন্য AIMS চালু করা হয়েছে। বৈদেশিক সহায়তার সুষ্ঠু ব্যবস্থাপনার জন্য FAMS নামক একটি ওয়েব-বেইজড সফটওয়্যার চালু করা হয়েছে। knowledge sharing-এর মাধ্যমে ইআরডি'র কর্মকর্তাদের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে information repository-এর ই-প্লাটফর্ম ERDPEDIA তৈরী করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

বৈদেশিক সহায়তার পাইপলাইনে সঞ্চিত অর্থ কাঙ্ক্ষিত মাত্রায় ডিসবার্সমেন্ট না হওয়া। বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা কর্তৃক বৈদেশিক সহায়তাপুষ্ট প্রকল্প বাস্তবায়নে দীর্ঘসূত্রিতা যথাঃ, ভূমি অধিগ্রহণ, পণ্য ও সেবা ক্রয়, জনবল নিয়োগ ও ডিপিপি/টিপিপি অনুমোদনে বিলম্ব। উন্নয়ন সহযোগীদের অগ্রাধিকার ও বিধি-বিধানের পরিবর্তে নিজেদের অগ্রাধিকার এবং আর্থিক বিধি-বিধানের সাথে সংগতিপূর্ণ বৈদেশিক সহায়তা সংগ্রহ। বিশ্ব অর্থনৈতিক মন্দার ফলে সহজ শর্তের বৈদেশিক ঋণ ও উৎসের সংকোচন এবং তার কার্যকর ব্যবহারে সক্ষমতার ঘাটতি।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনা অনুযায়ী অবকাঠামো খাতে বিনিয়োগের লক্ষ্যমাত্রা অর্জনে বিদ্যুৎ, জ্বালানী, সেতু ও সড়ক, আইসিটি, রেলওয়ে, পোর্টসহ অন্যান্য অবকাঠামো নির্মাণে অধিক হারে বৈদেশিক সহায়তা সংগ্রহ করা। একই সাথে SDG লক্ষ্যমাত্রা অর্জনের জন্য শিক্ষা, কারিগরি শিক্ষা, স্বাস্থ্য এবং সামাজিক সুরক্ষা সেক্টরের বৈদেশিক সহায়তা সংগ্রহের কার্যক্রম অব্যাহত রাখা। বৈদেশিক সহায়তা সংগ্রহের উৎসের বহুমুখীকরণ প্রচেষ্টা জোরদার করা। জলবায়ু পরিবর্তনের ঝুঁকি মোকাবেলার জন্য অর্থায়নের লক্ষ্যে UN Framework Convention on Climate Change (UNFCCC) এর আওতায় গঠিত Green Climate Fund (GCF) এর সাথে বাংলাদেশের সমন্বয়ক হিসেবে কাজ করা।

**২০১৮-১৯ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- বৈদেশিক সহায়তা সংগ্রহের লক্ষ্যে ৭৬ টি চুক্তি সম্পাদন;
- ৫৫০০ মিলিয়ন মার্কিন ডলার প্রতিশ্রুতি অর্জন;
- ৬০০০ মিলিয়ন মার্কিন ডলার বৈদেশিক সহায়তা ছাড়; এবং
- প্রকল্প বাস্তবায়নে সমস্যা দুরীকরণে উন্নয়ন সহযোগী ও প্রকল্প বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগের সাথে ৩২টি ত্রিপক্ষীয় সভা করা এবং ধীর গতির প্রকল্পসমূহ ২৮.০২.২০১৯ এর মধ্যে চিহ্নিত করে সমস্যা সমাধানে উদ্যোগ গ্রহণ।

## প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয়-এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয়

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ-এর মধ্যে ২০১৮ সালের জুলাই মাসের ০৪ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

সুষম ও টেকসই আর্থ-সামাজিক উন্নয়ন।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

বৈদেশিক সহায়তার সুষ্ঠু ব্যবস্থাপনা এবং উন্নয়ন সহযোগীদের সাথে সম্পর্ক জোরদারকরণের মাধ্যমে জাতীয় উন্নয়ন কৌশল বাস্তবায়নে সহায়তা।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

#### ১.৩.১ মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. বৈদেশিক সম্পদ আহরণের মাধ্যমে ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনা এবং SDG লক্ষ্যমাত্রা অর্জনে সহায়তা

২. ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনার আলোকে বৈদেশিক ঋণ গ্রহণ ধারণ ক্ষমতার মধ্যে সীমিত রেখে সামষ্টিক অর্থনীতি স্থিতিশীল রাখায় অবদান

৩. উন্নয়ন সহযোগীদের সাথে অর্থনৈতিক সম্পর্ক জোরদারকরণ

৪. অর্থনৈতিক উন্নয়নে বৈদেশিক সহায়তার কার্যকারিতা বৃদ্ধি

৫. বৈদেশিক সহায়তা আহরণ ও ব্যবহারের সক্ষমতা বৃদ্ধি

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন

২. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন

৩. জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ

৪. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. উন্নয়ন প্রকল্প/কর্মসূচীর জন্য বৈদেশিক সহায়তার প্রস্তাব যাচাই বাছাইকরণ;

২. খাদ্য সহায়তা, বাজেট সহায়তা, জলবায়ু তহবিল ও প্রকল্প সহায়তা অনুসন্ধান এবং দ্বিপাক্ষিক/বহুপাক্ষিক দেশ/সংস্থা সঙ্গে নিগোসিয়েশন (Negotiation), চুক্তি সম্পাদন ও কার্যকর করা;

৩. পঞ্চবার্ষিক পরিকল্পনা অনুসরণে বার্ষিক উন্নয়ন কর্মসূচী-তে অন্তর্ভূক্ত প্রকল্পসমূহে আহরিত বৈদেশিক সহায়তা বরাদ্দ প্রদান;

৪. বৈদেশিক সহায়তার ব্যবহার পরিবীক্ষন, মূল্যায়ন এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠান ও উন্নয়ন সহযোগীদের মধ্যে সমন্বয় সাধন করা;

৫. ঋণের পরিলেখ (Debt Profiling), বিশ্লেষণ, বাজেটিং, ঋণ ও সুদ পরিশোধ (Debt Servicing) এবং হিসাব সংরক্ষণের মাধ্যমে বৈদেশিক ঋণের ব্যবস্থাপনা;

৬. আন্তর্জাতিক উন্নয়ন সংস্থার প্রধান কার্যালয় ও বিদেশে অবস্থিত বাংলাদেশ মিশনসমুহের সঙ্গে সমন্বয় সাধন এবং যৌথ কমিশন/যৌথ অর্থনৈতিক কমিশন/যৌথ অর্থনৈতিক কমিটির সভার মাধ্যমে অর্থনৈতিক সহযোগিতা বৃদ্ধি, চুক্তি সম্পাদন এবং উদ্ভুত সমস্যা সমাধান;

৭. বৈদেশিক সহায়তা ও ঋন সংক্রান্ত নীতি ও কৌশল নির্ধারন; এবং

৮. কার্যকর উন্নয়ন সহযোগিতার লক্ষ্যে বৈশ্বিক অংশিদারিত (Global Partnership) নিশ্চিতকরণ।

## সেকশন ২

## মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | চূড়ান্ত ফলাফল সূচক | একক | প্রকৃত অর্জন ২০১৬-১৭ | প্রকৃত অর্জন* ২০১৭-১৮ | লক্ষ্যমাত্রা ২০১৮-১৯ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৯-২০ | ২০২০-২১ | | |
| বৈদেশিক সহায়তার উপর নির্ভরতা হ্রাসকরণ | জিডিপির তুলনায় বৈদেশিক সহায়তার প্রতিশ্রুতির হার | অনুপাত | ৭.১৯ | ৩.৯৫ | ১.৮০ | ১.৬৫ | ১.৬০ | প্রকল্প বাস্তবায়নকারী সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা | পরিসংখ্যান ব্যুরো, ইআরডি |
| | জিডিপির তুলনায় বৈদেশিক সহায়তার অর্থ ছাড়ের হার | অনুপাত | ১.৪৭ | ২.০০ | ১.৯৫ | ১.৮০ | ১.৭৫ | প্রকল্প বাস্তবায়নকারী সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা | পরিসংখ্যান ব্যুরো, ইআরডি |
| | মোট এডিপি/আরএডিপি তুলনায় বরাদ্দকৃত প্রকল্প সাহায্যের হার | অনুপাত | ৩৬.১৩ | ৩৬.৩৬ | ৩৪.৫০ | ৩১.৫০ | ৩০.০০ | প্রকল্প বাস্তবায়নকারী সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা | ইআরডি, অর্থ-বিভাগ ও পরিকল্পনা মন্ত্রণালয় |
| | পাইপলাইনে সঞ্চিত বৈদেশিক সহায়তার তুলনায় অর্থ ছাড়ের হার | অনুপাত | ১৬.৬৬ | ১৫.৫৪ | ১৩.৫০ | ১৩.৫০ | ১৩.৫০ | প্রকল্প বাস্তবায়নকারী সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা | ইআরডি |
| ধারণ ক্ষমতার মধ্যে বৈদেশিক ঋণ সীমিত | জিডিপির তুলনায় বৈদেশিক ঋণের স্থিতির হার | অনুপাত | ১১.৩৭ | ১৩.৯৫ | ১৪.৫৫ | ১৪.৯০ | ১৫.০০ | অর্থ মন্ত্রণালয়, বানিজ্য মন্ত্রণালয়সহ উৎপাদনের সাথে জড়িত সকল সরকারি, আধা সরকারি ও বেসরকারী প্রতিষ্ঠান | পরিসংখ্যান ব্যুরো, ইআরডি |
| | রপ্তানী ও রেমিটেন্স এর তুলনায় বৈদেশিক ঋণের স্থিতির হার | অনুপাত | ৫৬.২১ | ৭২.৫৯ | ৭৯.২৩ | ৮৫.২৯ | ৮৫.৫০ | অর্থ মন্ত্রণালয়, বানিজ্য মন্ত্রণালয়সহ উৎপাদনের সাথে জড়িত সকল সরকারি, আধা সরকারি ও বেসরকারী প্রতিষ্ঠান | বাংলাদেশ ব্যাংক, ইআরডি |
| | রপ্তানী ও রেমিটেন্স এর তুলনায় ঋণ এবং সুদ পরিশোধের হার | অনুপাত | ২.২৩ | ২.৭০ | ২.৮৮ | ২.৯৬ | ৩.০০ | বানিজ্য মন্ত্রনালয়, বাংলাদেশ ব্যাংক | বাংলাদেশ ব্যাংক, ইআরডি |
| | রাজস্ব আয়ের তুলনায় ঋণ এবং সুদ পরিশোধের হার | অনুপাত | ৪.৪৩ | ৪.৯১ | ৪.৭৮ | ৪.৪৯ | ৪.৪০ | ইআরডি, রাজস্ব আহরনে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ | ইঅঅরডি ও অর্থ বিভাগ |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৬-১৭ | প্রকৃত অর্জন* ২০১৭-১৮ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ | | | | | প্রক্ষেপণ ২০১৯-২০ | প্রক্ষেপণ ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] বৈদেশিক সম্পদ আহরণের মাধ্যমে ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনা এবং SDG লক্ষ্যমাত্রা অর্জনে সহায়তা | ৪৩ | [১.১] উন্নয়ন সহযোগীর প্রাথমিক সম্মতি সংগৃহীত | [১.১.১] উন্নয়ন সহযোগীর প্রাথমিক সম্মতি সংগৃহীত | সংখ্যা | ৫ | ১২১ | ৯৭ | ১২১ | ১১৭ | ১১৩ | ১১০ | ১০৫ | ১২০ | ১১৫ |
| | | [১.২] প্রাক-মূল্যায়ন/মূল্যায়ন/ ফ্যাক্ট ফাইন্ডিং মিশন সমাপ্ত | [১.২.১] প্রাক-মূল্যায়ন/মূল্যায়ন/ ফ্যাক্ট ফাইন্ডিং মিশন সমাপ্ত | সংখ্যা | ৫ | ১২৫ | ১১৬ | ১২৪ | ১২০ | ১১৫ | ১১০ | ১০৫ | ১১৬ | ১১০ |
| | | [১.৩] উন্নয়ন সহযোগীদের সঙ্গে নেগোসিয়েশন | [১.৩.১] উন্নয়ন সহযোগীদের সাথে নেগোসিয়েশন সমাপ্ত | সংখ্যা | ৬ | ৯০ | ৫৪ | ৮৫ | ৮৩ | ৮১ | ৮০ | ৭৯ | ৮০ | ৮০ |
| | | | [১.৩.২] খসড়া চুক্তি পরীক্ষিত ও চূড়ান্ত | সংখ্যা | ৫ | ৮৮ | ৫৪ | ৮৫ | ৮৩ | ৮১ | ৮০ | ৭৯ | ৮০ | ৮০ |
| | | [১.৪] চুক্তি স্বাক্ষর | [১.৪.১] প্রতিশ্রুতি অর্জিত | মিঃ মাঃ ডঃ | ৬ | ৭০৪৮ | ৮২৫৮ | ৫৫০০ | ৫৪০০ | ৫৩৫০ | ৫৩০০ | ৫২৫০ | ৫৫০০ | ৫০০০ |
| | | | [১.৪.২] সরকার কর্তৃক চুক্তি অনুমোদিত | সংখ্যা | ৩ | ৮৮ | ৫৪ | ৭৬ | ৭৪ | ৭২ | ৭১ | ৭০ | ৭৫ | ৭৫ |
| | | [১.৫] বৈদেশিক সহায়তার ব্যবহার | [১.৫.১] চুক্তি কার্যকর | সংখ্যা | ২ | ৮৫ | ৫২ | ৭৫ | ৭৩ | ৭০ | ৬৮ | ৬৪ | ৭৫ | ৭৫ |
| | | | [১.৫.২] এডিপিভুক্ত প্রকল্পের অনুকুলে প্রকল্প সাহায্য বরাদ্দকৃত | কোটি টাকা | ২ | ৪০০০০ | ৫৭০০০ | ৬০০০০ | ৫৯০০০ | ৫৮৫০০ | ৫৮০০০ | ৫৭৫০০ | ৬৩০০০ | ৬৫০০০ |
| | | | [১.৫.৩] ছাড়কৃত বৈদেশিক সাহায্য | মিঃ মাঃ ডঃ | ২ | ৩৫৬৩ | ৩৯৯৮ | ৬০০০ | ৫৮০০ | ৫৬০০ | ৫৫৫০ | ৫৫০০ | ৬০০০ | ৬০০০ |
| | | [১.৬] বৈদেশিক সহায়তার ব্যবহার কাঙ্খিত পর্যায়ে উন্নীতকরণে তদারকি | [১.৬.১] প্রকল্প বাস্তবায়নে চিহ্নিত সমস্যা দুরীকরণে ত্রৈমাসিক ত্রি-পক্ষীয় সভা আয়োজিত | সংখ্যা | ৪ | ৩৪ | ২৪ | ৩২ | ৩০ | ২৮ | ২৬ | ২৪ | ৩২ | ৩২ |
| | | | [১.৬.২] ধীর গতির প্রকল্পসমূহ চিহ্নিত | তারিখ | ২ | ২৯.১২.১৬ | ২৯.১২.১৭ | ২৮.০২.১৯ | ১৫.০৩.১৯ | ৩০.০৩.১৯ | ১৫.০৪.১৯ | ৩০.০৪.১৯ | ২৯.১২.২০ | ২৯.১২.২১ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৬-১৭ | প্রকৃত অর্জন* ২০১৭-১৮ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ | | | | | প্রক্ষেপণ ২০১৯-২০ | প্রক্ষেপণ ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| | | | [১.৬.৩] পার্টনারশীপ মনিটরিং সার্ভেতে অংশগ্রহণ | সংখ্যা | ১ | | | ১ | | | | | ১ | ১ |
| [২] ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনার আলোকে বৈদেশিক ঋণ গ্রহণ ধারণ ক্ষমতার মধ্যে সীমিত রেখে সামষ্টিক অর্থনীতি স্থিতিশীল রাখায় অবদান | ১৪ | [২.১] ডিএমএফএএস ব্যবস্থাপনা | [২.১.১] ডিএমএফএএস তথ্য হালনাগাদকৃত | তারিখ | ৪ | ৩০.০৯.১৬ | ৩০.০৯.১৭ | ৩০.০৯.১৮ | ৩০.১০.১৮ | ৩০.১১.১৮ | ১৫.১২.১৮ | ৩০.১২.১৮ | ৩০.০৯.১৯ | ৩০.০৯.২০ |
| | | [২.২] ঋণ পরিশোধ | [২.২.১] বৈদেশিক ঋণের আসল ও সুদ পরিশোধিত | মিঃমাঃডঃ | ৬ | ১০৫১ | ১০০৮ | ১৬০০ | ১৬৫০ | ১৭০০ | ১৭৫০ | ১৮০০ | ১৭৩০ | ১৮২০ |
| | | [২.৩] ঋণের উপাত্ত বিশ্লেষণ | [২.৩.১] বিশ্ব ব্যাংক, আইএমএফ ও ক্রেডিট রেটিং এজেন্সীকে ঋণ সংক্রান্ত তথ্য সরবরাহিত | সংখ্যা | ৪ | ৮ | ৭ | ৯ | ৮ | ৭ | ৬ | ৫ | ৮ | ৮ |
| [৩] উন্নয়ন সহযোগীদের সাথে অর্থনৈতিক সম্পর্ক জোরদারকরণ | ৬ | [৩.১] যৌথ অর্থনৈতিক সহযোগিতা উন্নয়নের উদ্যোগ | [৩.১.১] উচ্চপর্যায়ের সভা আয়োজিত | সংখ্যা | ২ | ৮ | ৫ | ১৫ | ১৪ | ১৩ | ১২ | ১১ | ১০ | ১০ |
| | | | [৩.১.২] যৌথ অর্থনৈতিক কমিশনের সভা আয়োজিত | সংখ্যা | ২ | ১ | ৩ | ৩ | ২ | ১ | | | ২ | ২ |
| | | [৩.২] আন্তর্জাতিক সভা/সেমিনার আয়োজন | [৩.২.১] বিডিএফ/আন্তর্জাতিক কনফারেন্স/ওয়ার্কশপ আয়োজিত | সংখ্যা | ২ | ১ | ২ | ২ | ১ | | | | ১ | ১ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৬-১৭ | প্রকৃত অর্জন* ২০১৭-১৮ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ | | | | | প্রক্ষেপণ ২০১৯-২০ | প্রক্ষেপণ ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| [৪] অর্থনৈতিক উন্নয়নে বৈদেশিক সহায়তার কার্যকারিতা বৃদ্ধি | ৬ | [৪.১] উন্নয়ন সহযোগীদের সাথে তথ্য বিনিময়ের প্লাটফর্ম প্রতিষ্ঠা | [৪.১.১] লোকাল কন্সালটেটিভ গ্রুপের সভা আয়োজিত | সংখ্যা | ২ | ৩ | ২ | ৩ | ২ | ১ | | | ২ | ২ |
| | | [৪.২] বৈদেশিক সহায়তার কার্যকারিতা বিশ্লেষণ | [৪.২.১] এআইএমএস (AIMS) প্রতিবেদন প্রণয়ন | সংখ্যা | ২ | ৩ | ৩ | ৪ | ৩ | ২ | ১ | | ৪ | ৪ |
| | | [৪.৩] ইস্তাম্বুল প্রোগ্রাম ফর এ্যাকশন -বাস্তবায়ন কার্যক্রমের সমন্বয় | [৪.৩.১] ই আর ডি'র নেতৃত্বে গঠিত উপকমিটি কর্তৃক সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সমন্বয়ে সভা আয়োজন | সংখ্যা | ১ | | ১ | ৩ | ২ | ১ | | | ৪ | ৪ |
| | | [৪.৪] এলডিসি উত্তরণের রোডম্যাপ বাস্তবায়নে সরকার কর্তৃক গঠিত টাস্কফোর্সের কার্যক্রম বাস্তবায়ন | [৪.৪.১] জাতীয় টাস্কফোর্সের সভা আয়োজন | সংখ্যা | ১ | | | ৪ | ৩ | ২ | ১ | | ৪ | ৪ |
| [৫] বৈদেশিক সহায়তা আহরণ ও ব্যবহারের সক্ষমতা বৃদ্ধি | ৬ | [৫.১] প্রকাশনা | [৫.১.১] Flow of External Resources into Bangladesh প্রকাশিত | তারিখ | ৩ | ২১.১২.১৬ | ২৮.১২.১৮ | ৩০.০৩.১৯ | ১৫.০৪.১৯ | ৩০.০৪.১৯ | ১৫.০৫.১৯ | ৩০.০৫.১৯ | ৩০.০৩.২০ | ৩০.০৩.২১ |
| | | [৫.২] অভিজ্ঞতা ও জ্ঞান বিনিময় | [৫.২.১] সেমিনার/ওয়ার্কশপ আয়োজিত | সংখ্যা | ২ | ১৬ | ১৫ | ১৪ | ১৩ | ১২ | ১১ | ১০ | ১০ | ১০ |
| | | [৫.৩] ইআরডির প্রকল্প বাস্তবায়ন | [৫.৩.১] বরাদ্দকৃত প্রকল্প সাহায্য ব্যবহৃত | শতকরা | ১ | ৯১ | ৭৬ | ৯২ | ৯০ | ৮৯ | ৮৮ | ৮৭ | ৯০ | ৯০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৬-১৭ | প্রকৃত অর্জন* ২০১৭-১৮ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ | | | | | প্রক্ষেপণ ২০১৯-২০ | প্রক্ষেপণ ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ | | | | | | | | | | | | | | |
| [১] কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন | ১০ | [১.১] মন্ত্রণালয়/বিভাগে ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | [১.১.১] ফ্রন্ট ডেস্কের মাধ্যমে গৃহীত ডাক ই-ফাইলিং সিস্টেমে আপলোডকৃত | % | ১ | | | ৮০ | ৭০ | ৬০ | ৫৫ | ৫০ | | |
| | | | [১.১.২] ই-ফাইলে নথি নিষ্পত্তিকৃত ** | % | ১ | | | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | | |
| | | | [১.১.৩] ই-ফাইলে পত্র জারীকৃত *** | % | ১ | | | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ | | |
| | | [১.২] মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক অনলাইন সেবা চালু করা | [১.২.১] ন্যূনতম একটি নতুন ই-সার্ভিস চালুকৃত | তারিখ | ১ | | | ১৫.০১.১৯ | ১৭.০২.১৯ | ৩১.০৩.১৯ | ৩০.০৪.১৯ | ৩০.০৫.১৯ | | |
| | | [১.৩] মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) বাস্তবায়ন | [১.৩.১] ডাটাবেজ অনুযায়ী ন্যূনতম দুটি নতুন উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প চালুকৃত | তারিখ | ১ | | | ১১.০৩.১৯ | ১৮.০৩.১৯ | ২৫.০৩.১৯ | ০১.০৪.১৯ | ০৮.০৪.১৯ | | |
| | | [১.৪] প্রতিটি শাখায় বিনষ্টযোগ্য নথির তালিকা প্রণয়ন ও বিনষ্ট করা | [১.৪.১] বিনষ্টযোগ্য নথির তালিকা প্রণীত | তারিখ | ০.৫ | | | ১০.০১.১৯ | ১৭.০১.১৯ | ২৪.০১.১৯ | ২৮.০১.১৯ | ৩১.০১.১৯ | | |
| | | | [১.৪.২] প্রণীত তালিকা অনুযায়ী বিনষ্টকৃত নথি | % | ০.৫ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | | |
| | | [১.৫] সিটিজেন্স চার্টার বাস্তবায়ন | [১.৫.১] হালনাগাদকৃত সিটিজেন্স চার্টার অনুযায়ী প্রদত্ত সেবা | % | ১ | | | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | ৫০ | | |
| | | | [১.৫.২] সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১ | | | ৩১.১২.১৮ | ১৫.০১.১৯ | ০৭.০২.১৯ | ১৭.০২.১৯ | ২৮.০২.১৯ | | |
| | | [১.৬] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | [১.৬.১] নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিষ্পত্তিকৃত | % | ০.৫ | | | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | |
| | | | [১.৬.২] অভিযোগ নিষ্পত্তির বিষয়ে অভিযোগকারীকে অবহিতকরণ | % | ০.৫ | | | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | |
| | | [১.৭] পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়নপত্র জারী করা | [১.৭.১] পিআরএল আদেশ জারীকৃত | % | ০.৫ | | | ১০০ | ৯০ | ৮০ | - | - | | |
| | | | [১.৭.২] ছুটি নগদায়নপত্র জারীকৃত | % | ০.৫ | | | ১০০ | ৯০ | ৮০ | - | - | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৬-১৭ | প্রকৃত অর্জন* ২০১৭-১৮ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ | | | | | প্রক্ষেপণ ২০১৯-২০ | প্রক্ষেপণ ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ | | | | | | | | | | | | | | |
| [২] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৮ | [২.১] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [২.১.১] ত্রিপক্ষীয় সভায় নিষ্পত্তির জন্য সুপারিশকৃত অডিট আপত্তি | % | ০.৫ | | | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | | |
| | | | [২.১.২] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ০.৫ | | | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | | |
| | | [২.২] স্থাবর ও অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | [২.২.১] স্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ০.৫ | | | ০৩.০২.১৯ | ১৭.০২.১৯ | ২৮.০২.১৯ | ২৮.০৩.১৯ | ১৫.০৪.১৯ | | |
| | | | [২.২.২] অস্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ০.৫ | | | ০৩.০২.১৯ | ১৭.০২.১৯ | ২৮.০২.১৯ | ২৮.০৩.১৯ | ১৫.০৪.১৯ | | |
| | | [২.৩] বাজেট বাস্তবায়নে উন্নয়ন | [২.৩.১] বাজেট বাস্তবায়ন পরিকল্পনা (Budget Implementation Plan) প্রণীত | সংখ্যা | ০.৫ | | | ১ | - | - | - | - | | |
| | | | [২.৩.২] ত্রৈমাসিক বাজেট বাস্তবায়ন প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ০.৫ | | | ৪ | ৩ | - | - | - | | |
| | | [২.৪] বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | [২.৪.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়িত | % | ২ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | [২.৫] বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন | [২.৫.১] ক্রয় পরিকল্পনা বাস্তবায়িত | % | ০.৫ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | [২.৬] অব্যবহৃত/অকেজো যানবাহন বিদ্যমান নীতিমালা অনুযায়ী নিষ্পত্তিকরণ | [২.৬.১] নিষ্পত্তিকৃত | % | ০.৫ | | | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | | |
| | | [২.৭] বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করা | [২.৭.১] বিদ্যুৎ বিল পরিশোধিত | % | ১ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | [২.৮] শূন্য পদের বিপরীতে নিয়োগ প্রদান | [২.৮.১] নিয়োগ প্রদানকৃত | % | ১ | | | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | ৪০ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৬-১৭ | প্রকৃত অর্জন* ২০১৭-১৮ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ | | | | | প্রক্ষেপণ ২০১৯-২০ | প্রক্ষেপণ ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [৩] জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ | ৪ | [৩.১] জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো বাস্তবায়ন **** | [৩.১.১] নির্ধারিত সময়ে ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | | | ৪ | ৩ | - | - | - | | |
| | | | [৩.১.২] জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামোয় অন্তর্ভুক্ত লক্ষ্যমাত্রা বাস্তবায়িত | % | ১ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | [৩.২] তথ্য বাতায়ন হালনাগাদকরণ | [৩.২.১] মন্ত্রণালয়/বিভাগের সকল তথ্য ও অনলাইন সেবা ৩৩৩ সহ তথ্য বাতায়নে সংযোজিত | % | ১ | | | ১০০ | ৯০ | ৮০ | - | - | | |
| | | [৩.৩] মন্ত্রণালয়/বিভাগের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ | [৩.৩.১] বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১ | | | ১৫.১০.১৮ | ২৯.১০.১৮ | ১৫.১১.১৮ | ২৯.১১.১৮ | ১৩.১২.১৮ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৬-১৭ | প্রকৃত অর্জন* ২০১৭-১৮ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ | | | | | প্রক্ষেপণ ২০১৯-২০ | প্রক্ষেপণ ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | |
| [৪] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ | ৩ | [৪.১] অধীনস্থ দপ্তর/সংস্থার সঙ্গে ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর ও ওয়েবসাইটে আপলোড | [৪.১.১] স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ওয়েবসাইটে আপলোডকৃত | তারিখ | ০.৫ | | | ২৪.০৬.১৮ | ২৬.০৬.১৮ | ২৮.০৬.১৮ | | | | |
| | | [৪.২] ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে দাখিল | [৪.২.১] মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ০.৫ | | | ১৯.০৮.১৮ | ২৭.০৮.১৮ | ২৯.০৮.১৮ | ০৩.০৯.১৮ | ০৫.০৯.১৮ | | |
| | | [৪.৩] দপ্তর/সংস্থার ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনান্তে ফলাবর্তক (feedback) প্রদান | [৪.৩.১] ফলাবর্তক (feedback) প্রদত্ত | তারিখ | ১ | | | ৩১.০১.১৯ | ০৭.০২.১৯ | ১০.০২.১৯ | ১১.০২.১৯ | ১৪.০২.১৯ | | |
| | | [৪.৪] সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ অন্যান্য বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | [৪.৪.১] আয়োজিত প্রশিক্ষণের সময় | জনঘণ্টা * | ১ | | | ৬০ | - | - | - | - | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয়, মাননীয় মন্ত্রী, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয়-এর প্রতিনিধি হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি মন্ত্রিপরিষদ সচিবের নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মন্ত্রিপরিষদ সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| সচিব<br>অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয় | ৪\|৭\|২০১৮<br>তারিখ |
| মন্ত্রিপরিষদ সচিব<br>মন্ত্রিপরিষদ বিভাগ | ০৪.০৭.২০১৮<br>তারিখ |

# শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | ইউএনএফসিসি | ইউনাইটেড ন্যাশন ফ্রেমওয়ার্ক কনভেনশন অন ক্লাইমেট চেঞ্জ |
| ২ | আইএমএফ | ইন্টারন্যাশনাল মানিটারি ফান্ড |
| ৩ | জিডিপি | গ্রস ডোমেস্টিক প্রোডাক্ট |
| ৪ | জিসিএফ | গ্রীণ ক্লাইমেট ফান্ড |
| ৫ | ডিপি | ডেভেলপমেন্ট পার্টনার |
| ৬ | ডিএমএফএএস | ডেট ম্যনেজমেন্ট এ্যান্ড ফাইনান্সিয়াল এ্যানালাইসিস সিস্টেম |
| ৭ | বিডিএফ | বাংলাদেশ ডেভেলপমেন্ট ফোরাম |
| ৮ | এআইএমএস | এইড ইনফরমেশন ম্যানেজমেন্ট সিস্টেম |
| ৯ | এডিপি/আরএডিপি | বার্ষিক উন্নয়ন কর্মসূচি/সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি |
| ১০ | এফএএমএস | ফরেন এইড ম্যানেজমেন্ট সিস্টেম |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.১] উন্নয়ন সহযোগীর প্রাথমিক সম্মতি সংগৃহীত | [১.১.১] উন্নয়ন সহযোগীর প্রাথমিক সম্মতি সংগৃহীত | প্রকল্প বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগের অনুরোধ/সম্মতিতে এবং উন্নয়ন সহযোগীদের সাথে আলোচনান্তে ইআরডি উন্নয়ন সহযোগীদের নিকট হতে প্রকল্পটিতে অর্থায়নের প্রাথমিক সম্মতি সংগ্রহ করে। | ইআরডি, উন্নয়ন সহযোগী ও লাইন মন্ত্রণালয়/বিভাগ | সভার কার্যবিবরণী ও পত্র যাচাই | এ বিভাগের বার্ষিক প্রতিবেদন ও Flow Book |
| [১.২] প্রাক-মূল্যায়ন/মূল্যায়ন/ ফ্যাক্ট ফাইন্ডিং মিশন সমাপ্ত | [১.২.১] প্রাক-মূল্যায়ন/মূল্যায়ন/ ফ্যাক্ট ফাইন্ডিং মিশন সমাপ্ত | প্রস্তাবিত কর্মসূচী/প্রকল্পের সম্ভাব্যতা যাচাই , ব্যয় প্রাক্কলন এবং প্রকল্পের বাস্তবায়ন এবং পণ্য ও সেবা ক্রয়ের পদ্ধতি ইত্যাদি বিষয়ে প্রাসঙ্গিক তথ্য সংগ্রহ করার জন্য উন্নয়ন সহযোগী এ মিশনগুলো প্রেরণ করে এবং প্রকল্প বাস্তবায়নকারী মন্ত্রণালয়ের প্রকল্পের রূপরেখা নির্ধারনে ইআরডি সহায়তা করে। | ইআরডি ও লাইন মন্ত্রণালয়/বিভাগ | সভার কার্যবিবরণী ও পত্র যাচাই | এ বিভাগের বার্ষিক প্রতিবেদন ও Flow Book |
| [১.৩] উন্নয়ন সহযোগীদের সঙ্গে নেগোসিয়েশন | [১.৩.১] উন্নয়ন সহযোগীদের সাথে নেগোসিয়েশন সমাপ্ত | ইআরডি, উন্নয়ন সহযোগী, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ এবং সংশ্লিষ্ট অন্যান্য মন্ত্রণালয়ের প্রতিনিধিদের নিয়ে নিগোসিয়েশন সভা আয়োজন এবং অর্থায়নের চুক্তি চূড়ান্ত করা হয়। | ইআরডি | সভার কার্যবিবরণী ও পত্র যাচাই | এ বিভাগের বার্ষিক প্রতিবেদন ও Flow Book |
| | [১.৩.২] খসড়া চুক্তি পরীক্ষিত ও চূড়ান্ত | চুক্তির খসড়া প্রস্তাব পরীক্ষা এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার মতামত সংগ্রহপূর্বক চুক্তির খসড়া চূড়ান্তকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়। | ইআরডি ও লাইন মন্ত্রণালয়/বিভাগ | সভার কার্যবিবরণী ও পত্র যাচাই | এ বিভাগের বার্ষিক প্রতিবেদন ও Flow Book |
| [১.৪] চুক্তি স্বাক্ষর | [১.৪.১] প্রতিশ্রুতি অর্জিত | সরকার (জিওবি) এবং উন্নয়ন সহযোগীর মধ্যে ঋণ ও অনুদানের জন্য স্বাক্ষরিত চুক্তি অনুযায়ী বৈদেশিক সহায়তার নির্ধারিত পরিমান। | ইআরডি ও উন্নয়ন সহযোগী | অর্থায়ন চুক্তি যাচাই | এ বিভাগের বার্ষিক প্রতিবেদন ও Flow Book |
| | [১.৪.২] সরকার কর্তৃক চুক্তি অনুমোদিত | অর্থায়ন প্রস্তাব চূড়ান্ত করার পর আইন ও সংসদ বিষয়ক বিভাগের ভেটিং সাপেক্ষে মাননীয় প্রধানমন্ত্রী বা মাননীয় অর্থ মন্ত্রীর (অর্থায়নের পরিমাণের উপর ভিত্তি করে) চূড়ান্ত অনুমোদন গ্রহণ করা হয়। | ইআরডি | সারসংক্ষেপ, ভেটিং নোট ইত্যাদি যাচাই | এ বিভাগের বার্ষিক প্রতিবেদন ও Flow Book |
| [১.৫] বৈদেশিক সহায়তার ব্যবহার | [১.৫.১] চুক্তি কার্যকর | কতিপয় শর্ত পরিপালন সাপেক্ষে নির্দিষ্ট সময়ের মধ্যে চুক্তি কার্যকর করার প্রয়োজনীয় পদক্ষেপ। | ইআরডি ও প্রকল্প বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ | পত্র যাচাই | এ বিভাগের বার্ষিক প্রতিবেদন ও Flow Book |
| | [১.৫.২] এডিপিভুক্ত প্রকল্পের অনুকূলে প্রকল্প সাহায্য বরাদ্দকৃত | সকল বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগের চাহিদা এবং বৈদেশিক সহায়তার লভ্যতা বিবেচনায় এডিপি বা আরএডিপি-ভুক্ত প্রকল্প সমুহের অনুকূলে বার্ষিক প্রকল্প সহায়তার বরাদ্দ করা। | ইআরডি ও প্রকল্প বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ | বরাদ্দ প্রতিবেদন ও এডিপি/আরএডিপি বই যাচাই | এ বিভাগের বার্ষিক প্রতিবেদন ও Flow Book |
| | [১.৫.৩] ছাড়কৃত বৈদেশিক সাহায্য | উন্নয়ন সহযোগী কর্তৃক প্রতিশ্রুত সহায়তা হতে প্রকল্প/কর্মসূচীর অনুকূলে অর্থ ছাড়। | ইআরডি, উন্নয়ন সহযোগী ও প্রকল্প বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ | উন্নয়ন সহযোগী ও প্রকল্প অফিসের প্রতিবেদন যাচাই | এ বিভাগের বার্ষিক প্রতিবেদন ও Flow Book |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.৬] বৈদেশিক সহায়তার ব্যবহার কাঙ্খিত পর্যায়ে উন্নীতকরণে তদারকি | [১.৬.১] প্রকল্প বাস্তবায়নে চিহ্নিত সমস্যা দুরীকরণে ত্রৈমাসিক ত্রি-পক্ষীয় সভা আয়োজিত | ধীর গতির প্রকল্পসমূহের বাস্তবায়ন পর্যালোচনার ও সমস্যা দূরীকরনে উন্নয়ন সহযোগী এবং বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগের সাথে ইআরডি ত্রৈমাসিক ভিত্তিতে সভা করে এবং প্রতিবন্ধকতা দূরীকরণে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করে। | ইআরডি ও প্রকল্প বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ | সভার কার্যবিবরণী যাচাই | এ বিভাগের বার্ষিক প্রতিবেদন ও Flow Book |
| | [১.৬.২] ধীর গতির প্রকল্পসমূহ চিহ্নিত | ডিপিপি/টিপিপি অনুযায়ী নির্ধারিত সময়ে পরিকল্পনা মাফিক কাজ বা অর্থ ব্যয় করতে ব্যর্থ হয় এরূপ প্রকল্পসমূহকে ধীর গতির প্রকল্প হিসাবে চিহ্নিত করা। | ইআরডি, উন্নয়ন সহযোগী ও প্রকল্প বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ | পত্র যাচাই | এ বিভাগের বার্ষিক প্রতিবেদন ও Flow Book |
| [১.৬] বৈদেশিক সহায়তার ব্যবহার কাঙ্খিত পর্যায়ে উন্নীতকরণে তদারকি | [১.৬.৩] পার্টনারশীপ মনিটরিং সার্ভেতে অংশগ্রহণ | বৈদেশিক সহায়তার কার্যকারিতা বিশ্লেষণ ও পরিবীক্ষণের জন্য Global Partnership for Effective Development Cooperation দ্বি-বার্ষিক ভিত্তিতে সার্ভে পরিচালনা করে। | ইআরডি | প্রতিবেদন | এ বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| [২.১] ডিএমএফএএস ব্যবস্থাপনা | [২.১.১] ডিএমএফএএস তথ্য হালনাগাদকৃত | উন্নয়ন সহযোগী কর্তৃক প্রকল্প অনুকূলে ঋণের ছাড়কৃত অর্থ, সুদ বা অন্যান্য চার্জ/ফিস, পরিশোধিত ঋণের আসল সহ ঋণ সংক্রান্ত সকল তথ্য ডিএমএফএএস সিস্টেমে এন্ট্রি করা। | ইআরডি | ডিএমএফএএস | এ বিভাগের বার্ষিক প্রতিবেদন ও Flow Book |
| [২.২] ঋণ পরিশোধ | [২.২.১] বৈদেশিক ঋণের আসল ও সুদ পরিশোধিত | বাংলাদেশ ব্যাংকের মাধ্যমে নির্ধারিত তারিখে সার্ভিস চার্জ, ম্যানেজমেন্ট ফি, কমিটমেন্ট ফি, সুদ এবং আসল উন্নয়ন সহিযোগীকে পরিশোধ করা। | ইআরডি | ডিএমএফএএস ও বাংলাদেশ ব্যাংকের এ্যাডভাইস | এ বিভাগের বার্ষিক প্রতিবেদন ও Flow Book |
| [২.৩] ঋণের উপাত্ত বিশ্লেষণ | [২.৩.১] বিশ্ব ব্যাংক, আইএমএফ ও ক্রেডিট রেটিং এজেন্সীকে ঋণ সংক্রান্ত তথ্য সরবরাহিত | ঋণ ও সুদ পরিশোধ, দীর্ঘ মেয়াদে ঋণ পরিশোধ বাবদ বছরভিত্তিক প্রাক্কলন, ঋণের স্থিতি সহ ঋণ সংক্রান্ত অন্যান্য বিষয়ে বিশ্বব্যাংক, আইএমএফ ও ক্রেডিট রেটিং এজেন্সীকে সময়ভিত্তিক প্রতিবেদন প্রেরন করা। | ইআরডি | প্রতিবেদন | এ বিভাগের বার্ষিক প্রতিবেদন ও Flow Book |
| [৩.১] যৌথ অর্থনৈতিক সহযোগিতা উন্নয়নের উদ্যোগ | [৩.১.১] উচ্চপর্যায়ের সভা আয়োজিত | বৈদেশিক সহায়তা বিষয়ে নীতিগত সিদ্ধান্ত, পর্যালোচনা ও দৃষ্টিভঙ্গি বিনিময়ের জন্য বিভিন্ন উন্নয়ন সহযোগী সাথে উচ্চ পর্যায়ের সভা অনুষ্ঠিত হয়। এ সকল সভায় ভবিষ্যত বৈদেশিক সহায়তার গতি প্রকৃতি ও বিশ্ব প্রেক্ষাপট নিয়ে আলোচনা হয়। | ইআরডি | জিও, সভার কার্যবিবরণী, পত্র | এ বিভাগের বার্ষিক প্রতিবেদন ও Flow Book |
| | [৩.১.২] যৌথ অর্থনৈতিক কমিশনের সভা আয়োজিত | পারস্পারিক অর্থনৈতিক সহযোগিতা সম্প্রসারণে উন্নয়ন সহযোগীদের সাথে সভা করে সহযোগিতার ক্ষেত্রসমূহ চিহ্নিত এবং এ বিষয়ে গৃহিত সিদ্ধান্ত বাস্তবায়নে অগ্রগতি পর্যালোচনাপূর্বক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ। | ইআরডি | সভার কার্যবিবরণী | এ বিভাগের বার্ষিক প্রতিবেদন ও Flow Book |
| [৩.২] আন্তর্জাতিক সভা/সেমিনার আয়োজন | [৩.২.১] বিডিএফ/আন্তর্জাতিক কনফারেন্স/ওয়ার্কশপ আয়োজিত | বাংলাদেশ সরকারের পঞ্চবার্ষিক পরিকল্পনা/প্রেক্ষিত পরিকল্পনার উপর ভিত্তি করে বৈদেশিক সহায়তার চাহিদা বিষয়ে বিডিএফ সভায় উন্নয়যোগীদের সাথে মত বিনিময় হয়। তাছাড়া আন্তর্জাতিক কনফারেন্স/ওয়ার্কশপ মাধ্যমে বিভিন্ন আন্তর্জাতিক ইস্যুতে যথা: সাউথ-সাউথ সহযোগিতা, উন্নয়ন অর্থায়ন ইত্যাদি বিষয়ে মত বিনিময় করে উন্নয়নের সঠিক পথ ও পদ্ধতি অনুসন্ধান করা হয়। | ইআরডি | সভার কার্যবিবরণী, পত্র | এ বিভাগের বার্ষিক প্রতিবেদন ও Flow Book |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [৪.১] উন্নয়ন সহযোগীদের সাথে তথ্য বিনিময়ের প্লাটফর্ম প্রতিষ্ঠা | [৪.১.১] লোকাল কন্সালটেটিভ গ্রুপের সভা আয়োজিত | ১৮টি উন্নয়ন সহযোগী রাষ্ট্র/সংস্থার কান্ট্রি অফিস ও ইআরডি একটি মতবিনিময় ফোরাম যা বিভিন্ন থিমেটিক সেক্টরে গৃহিত উন্নয়ন পরিকল্পনার বাস্তবায়ন পর্যালোচনা করে এবং সিদ্ধান্ত বাস্তবায়নে সহযোগিতা ক্ষেত্রসমূহ চিহ্নিত করা হয়। | ইআরডি | সভার কার্যবিবরণী, পত্র | এ বিভাগের বার্ষিক প্রতিবেদন ও Flow Book |
| [৪.২] বৈদেশিক সহায়তার কার্যকারিতা বিশ্লেষণ | [৪.২.১] এআইএমএস (AIMS) প্রতিবেদন প্রণয়ন | প্যারিস ডিক্লারেশন অনুযায়ী এইড ইফেকটিভনেস এর পাঁচটি নীতি যথা এলাইনমেন্ট, হারমোনাইজেশন, কান্ট্রিসিস্টেম ইত্যাদির আলোকে বাংলাদেশের গৃহিত বৈদেশিক সহায়তার কার্যকারিতা বিশ্লেষণের জন্য প্রতিবেদন প্রণয়ন করা হয়। | ইআরডি | প্রকাশিত প্রতিবেদন | এ বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| [৪.৩] ইস্তাম্বুল প্রোগ্রাম ফর এ্যাকশন -বাস্তবায়ন কার্যক্রমের সমন্বয় | [৪.৩.১] ই আর ডি'র নেতৃত্বে গঠিত উপকমিটি কর্তৃক সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সমন্বয়ে সভা আয়োজন | ইস্তাম্বুল প্রোগ্রাম ফর এ্যাকশন-বাস্তবায়ন কার্যক্রম সমন্বয় করার লক্ষ্যে এ বিভাগের নেতৃত্বে গঠিত উপকমিটি কর্তৃক সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের ফোকাল পয়েন্টদের সমন্বয়ে ত্রৈমাসিক সভা আয়োজন | ইআরডি | সভার কার্যবিবরণী, পত্র | এ বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| [৪.৪] এলডিসি উত্তরণের রোডম্যাপ বাস্তবায়নে সরকার কর্তৃক গঠিত টাস্কফোর্সের কার্যক্রম বাস্তবায়ন | [৪.৪.১] জাতীয় টাস্কফোর্সের সভা আয়োজন | এলডিসি উত্তোরণের রোডম্যাপ বাস্তবায়ন কার্যক্রম পরিবীক্ষণের জন্য মুখ্য সমন্বয়ক, এসডিজি মহোদয়ের সভাপতিত্বে একটি টাস্কফোর্স গঠন করা হয়েছে। উক্ত টাস্কফোর্সে ১০ টি মন্ত্রণালয়/বিভাগের প্রতিনিধি অন্তর্ভুক্ত রয়েছেন। | ইআরডি | সভার কার্যবিবরনী | এ বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| [৫.১] প্রকাশনা | [৫.১.১] Flow of External Resources into Bangladesh প্রকাশিত | ইআরডি'র ফ্ল্যাগসিপ বার্ষিক প্রকাশনা হচ্ছে Flow of external resources into Bangladesh। বিভিন্ন আঙ্গিকে বৈদেশিক সহায়তা ও ঋণের প্রকৃতি ও প্রবাহের সময়ভিত্তিক তথ্য ও বিশ্লেষণ এ প্রকাশনায় অন্তর্ভুক্ত আছে। এ পর্যন্ত ৩৯ টি সংখ্যা প্রকাশিত হয়েছে। | ইআরডি | প্রকাশনা | Flow Book |
| [৫.২] অভিজ্ঞতা ও জ্ঞান বিনিময় | [৫.২.১] সেমিনার/ওয়ার্কশপ আয়োজিত | ইআরডি'র কর্মকর্তাগণের জ্ঞান, দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধির জন্য সেমিনার/ওয়ার্কশপের আয়োজন করা হয়। সেমিনার/ওয়ার্কশপে ইআরডি'র এবং অন্যান্য প্রতিষ্ঠানের কর্মকর্তাগণ তাদের লব্ধ জ্ঞান ও অভিজ্ঞতা বিনিময় করেন। | ইআরডি | প্রশিক্ষণ নোটিশ ও অফিস আদেশ | এ বিভাগের বার্ষিক প্রতিবেদন ও Flow Book |
| [৫.৩] ইআরডির প্রকল্প বাস্তবায়ন | [৫.৩.১] বরাদ্দকৃত প্রকল্প সাহায্য ব্যবহৃত | এডিপিভুক্ত ইআরডি'র প্রকল্পসমূহের অনুকূলে বরাদ্দকৃত বাজেট ও প্রকৃত ব্যয় পর্যালোচনা। | ইআরডি | প্রকল্প প্রতিবেদন | আইএমইডি-তে প্রেরিত রিপোর্ট |

## সংযোজনী ৩: অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের/অধিদপ্তর/সংস্থা-এর নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|